দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 15 FEB 1989
পৃষ্ঠা ... ... ১ কলাম 4

৭

৩৬

# সন্ত্রাস সৃষ্টিকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হইবে

— ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল (মঙ্গলবার) এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সন্ত্রাসী ঘটনায়

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষক সমিতি

(১ম পৃঃ পর)

দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করিয়াছে। বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এই সম্মেলনে বলা হয়, ৮ই ফেব্রুয়ারী নজিরবিহীন সুশৃংখল পরিবেশে ডাকসু ও হল সংসদসমূহের নির্বাচন অনুষ্ঠিত হইয়াছে। এই নিবাচনে কারচুপির অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। বিভিন্ন পত্রিকায় প্রকাশিত শিক্ষকদের বিরুদ্ধে 'নিবাচনে ও ভোট গণনায় কারচুপির' অভিযোগ সংক্রান্ত বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়া বক্তব্যের নিন্দা করিয়া সাংবাদিক সম্মেলনে বলা হয়, একজন সম্মানিত রাজনৈতিক নেত্রীর পক্ষে এহেন অশোভন ও মানহানিকর উক্তি কল্পনাও করা যায় না। সম্পূর্ণ ভিত্তিহীন, কাল্পনিক অভিযোগ উত্থাপনের মাধ্যমে তিনি শিক্ষক সমাজ তথা বিশ্ববিদ্যালয়কে জাতির নিকট হেয় করিতে চাহিয়াছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদ ও সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষকদের উপর আনীত অভিযোগ প্রত্যাহার করিয়া সংবাদ পত্রের মাধ্যমে শিক্ষকদের নিকট ক্ষমা চাওয়ার জন্য সাংবাদিক সম্মেলনে বেগম খালেদা জিয়ার প্রতি আহ্বান জানানো হয়

সাংবাদিক সম্মেলনে বলা হয়, ডাকসু নির্বাচনে ভোটদান হইতে শুরু করিয়া গণনা শেষ হওয়া পর্যন্ত দায়িত্বশীল শিক্ষকদের লইয়া গঠিত 'ভিজিলেন্স' কমিটির সদস্যরা প্রত্যেকটি হলের নির্বাচন কেন্দ্র একাধিকবার পরিদর্শনকালে উপস্থিত নেতা-নেত্রী ও সাধারণ ছাত্র-ছাত্রীদের সাথে আলাপ-আলোচনা করেন। এ সময় নির্বাচন সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হয় নাই। ছাত্র সংগঠনসমূহের প্রতিনিধিদের উপস্থিতিতেই ব্যালট বাক্স খোলা ও ভোট গণনা হইয়াছে। এই সময় কোন প্রকার অভিযোগ কোন শিক্ষক বা চীফ রিটার্নিং অফিসারের গোচরে আনা হয় নাই। ফলাফল প্রকাশের পরই ভিত্তিহীন অভিযোগ আনিয়া জাতীয়তাবাদী ছাত্রদল শিক্ষক সমাজের ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা করে এবং এই সময়ে ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা শুরু হয়। সাংবাদিক সম্মেলনে বলা হয়, ছাত্রীদের বিজয় মিছিলে হামলা একাত্তরে হানাদার বাহিনীর নির্মমতাকেও ছাড়াইয়া গিয়াছে। রোকেয়া, মোহসীন ও শামসুন্নাহার হলের সন্ত্রাসী ঘটনা বিশেষ করিয়া মোহসীন হলের প্রভোস্টের কার্যালয়ে গুলী বর্ষণ ও অগ্নিসংযোগের ঘটনায় ছাত্র নামধারী দুষ্কৃতিকারীদের দায়ী করিয়া বলা হয়, সন্ত্রাসী তৎপরতা প্রতিরোধে পুলিশের রহস্যজনক নিষ্ক্রিয়তা নিন্দাজনক। সাংবাদিক সম্মেলনে পঠিত বক্তব্যে বলা হয়, শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুণ্ন করার যে কোন প্রয়াসকে শিক্ষকবৃন্দ প্রতিরোধ করিবে। বিশ্ববিদ্যালয়ের সার্বিক কল্যাণের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদেরকে আত্মঘাতী হানাহানি হইতে বিরত থাকিতে এবং রাজনৈতিক নেতৃবর্গকে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ না করিতে অনুরোধ করা হয়।

সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মশিহুজ্জামান, সাধারণ সম্পাদক ডঃ আবদুল মান্নান, কার্যকরী সদস্য প্রফেসর এ, কে, এম, সাদ উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন। ছাত্রীদের মিছিলে হামলা, কনক হত্যাকাণ্ডসহ ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল পূর্বাহ্নে ক্যাম্পাসে মৌন মিছিল বাহির করে।